**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**17 JULY 2025** **7:35AM**

==========================================================================

রাজ্যের স্বাস্থ্য বিভাগ বেশ কয়েকটি জেলায় জাপানীজ এনকেফেলাইটিস রোগের প্রাদুর্ভাব বৃদ্ধি পাবার পরিপ্রেক্ষিতে কার্যকর ব্যাবস্থা গ্রহণ করেছে । স্বাস্থ্য বিভাগ সূত্রে জানানো হয়েছে যে জাপানিজ এনকেফেলাইটিস রোগে আক্রান্ত হয়ে রাজ্যে এপর্যন্ত ২৬ জনের মৃত্যু হয়েছে । বরাক উপত্যকায় এপর্য্যন্ত ২৫০ জন লোক জাপানিজ এনকেফেলাইটিস রোগে আক্রান্ত হয়েছেন । স্বাস্থ্য বিভাগ ঔষধযুক্ত মশারী বিতরণ করা সহ প্রতিষেধক স্প্রে করা , ধোঁয়া দেওয়া এবং সচেতনতা কার্যসূচী অব্যাহত রেখেছে । রাজ্যের স্বাস্থ্য বিভাগ থেকে জাপানিজ এনকেফেলাইটিস রোগের প্রাদুর্ভাব বৃদ্ধি পাবার প্রতি লক্ষ্য রেখে জনসাধারণকে সাবধানতামূলক ব্যবস্থা গ্রহণ করার জন্য আহ্বান জানানো হয়েছে ।

---

কাছাড় পুলিশ গোপান সূত্রের খবরের ভিত্তিতে গতকাল রাতে ধলাই বিধানসভা কেন্দ্রের ভাগা বাজার থেকে ২০ হাজার প্যাকেট ইয়াবা টাবলেট বাজেয়াপ্ত করেছে । মূখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা টুইট করে জানিয়েছেন যে পাশ্ববর্তী রাজ্য মিজোরাম থেকে কাছাড় অভীমূখে আসা একটি গাড়ি থেকে ইয়াবা ট্যাবলেটগুলি বাজেয়াপ্ত করা হয়েছে যার বাজার মূল্য প্রায় ছয়

কোটী টাকা হবে । পুলিশ ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে তাজমূল হোসেন ও এনামূল হোসেন নামের দু জন ব্যাক্তিকে আটক করে ঘটনার তদন্ত শুরু করেছে ।

---

নিখিল ভারত কংগ্রেস কমিটির সভাপতি মল্লিকার্জুন খার্গে , সাধারণ সম্পাদক কে সি বেণুগোপাল এবং লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী গতকাল গুয়াহাটীতে আসাম প্রদেশ কংগ্রেসের কর্মীসভায়  অংশ নেন । দলের জাতীয় সভাপতি শ্রী খাড়গে কংগ্রেসের জেলা সভাপতিদের সঙ্গেও বৈঠকে মিলিত হন । আসাম প্রদেশ কংগ্রেসের সভাপতি গৌরব গগৈ, রাজনীতিক পরিক্রমা সদস্য, প্রদেশ কংগ্রেসের সদস্য, সাংসদ ,বিধায়ক এবং দলের জেলা সভাপতিদের সঙ্গে দলের সাংগঠনিক ভিত এবং আগামী বিধানসভা নির্বাচনে দলের রণ কৌশল নিয়ে আলোচনা করেন । এই বৈঠকের প্রাক্-মূহূর্তে দলের রাজ্য সভাপতি গৌরব গগৈ সাংবাদিকদের জানান যে কংগ্রেস দল আসামের জনসাধারণের কল্যাণের স্বার্থে , স্থানীয় মানুষের জমির পাট্টার জন্য এবং সংখ্যালঘুদের নিরাপত্তার জন্য লড়াই অব্যহত রাখতে ।

---

হাইলাকান্দির এস কে রায় সিভিল হাসপাতালে গতকাল একটি ক্যান্সার স্ক্রিনিং সেন্টারের উদ্বোধন করা হয়েছে । হাইলাকান্দির জেলা উন্নয়ন আয়ুক্ত এল্ডার্ড ফাইরেম , স্বাস্থ্য বিভাগের দায়িত্বপ্রাপ্ত অতিরিক্ত আয়ুক্ত লাইহেলু খেনতে , সিভিল হাসপাতালের সুপার ডা:দেবব্রত দত্ত ও ক্যান্সার বিশেষজ্ঞ ডা:ফুলকুমারী তালুকদার এই সেন্টারটির উদ্বোধন করেন । অত্যাধুনিক সুবিধাসম্পন্ন এই সেন্টারটি খোলার ফলে জেলার ক্যান্সার রোগীদের শণাক্ত করে প্রাথমিক চিকিৎসা সম্ভব হবে বলে আশা করা

হচ্ছেন । সিভিল হাসপাতালের সুপার ডক্টর দত্ত জানান যে হাইলাকান্দিতে ক্যান্সার রোগি শণাক্ত হলে তাদের চিকিৎসা আয়ুষ্মান ভারত কার্ডের মাধ্যমে শিলচরের টাটা ট্রাস্টের ক্যান্সার সেন্টারে বিনামূল্যে করা যাবে । পরে জেলা উন্নয়ন আয়ুক্ত এল্ডার্ড ফাইরেম আমাদের সংবাদদাতাকে জানান-----বাইট

---

হাইলাকান্দি পৌরসভার পক্ষ থেকে বকেয় ও চলতি বছরের কর আদায়ের ক্ষেত্রে নতুন নির্দেশনা জারী করা হয়েছে । পৌর সভাপতি মানব চক্রবর্তী জানান যে পৌরসভার বকেয়া কর আদায়ের ক্ষেত্রে নাগরিকরা ২০ শতাংশ ছাড়ের সুবিধা পাবেন । এই নতুন নির্দেশনা ১৫ই জুলাই থেকে ১৫ই অক্টোবর পর্য্যন্ত প্রযোজ্য হবে । এছাড়া চলতি অর্থ বছরের কর পরিশোধ করলেও ছাড়ের সুযোগ থাকবে বলে সভাপতি শ্রী চক্রবর্তী জানিয়েছেন ।

---

কাছাড় জেলার সৈনিক কল্যান আধিকারীক এক বিজ্ঞপ্তীতে জেলার সেনা বাহিনী , নৌ-বাহিনী ও বিমান বাহিনীর প্রাক্তন সৈনিক ও তাদের পরিবারের সদস্য যারা এখনো সরকারী প্রকল্পের সুযোগ গ্রহন করতে নাম নথিভুক্ত করেন নি , তাদেরকে যত দ্রুত সম্ভব শিলচর সৈনিক ভবনে এসে নাম নথিভুক্ত করতে অনুরোধ করা হয়েছে । বিশদ বিবরন শিলচর সৈনিক কল্যান আধিকারীকের কার্য্যলয়ে পাওয়া যাচ্ছে ।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় ইয়ুথ ব্লোমিং ক্লাব খেলবে চিখুর এফ সি-দলের বিরুদ্ধে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় এভারেষ্ট ক্লাব সি ৪-২ গোলে সনবাড়ী এফ সি-দলকে পরাজিত করেছে ।

---

উধারবন্দ পূর্ত বিভাগের  সড়ক ডিভিশন শাখার কার্য্যবাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তীতে জানিয়েছেন যে সাম্প্রতিক বন্যার ফলে ক্ষতিগ্রস্ত হওয়া সিরিসথল থেকে অমরানগর পর্য্যন্ত সড়কে সব ধরনের ভারী যান চলাচল পরবর্তী নির্দেশ না দেওয়া পর্য্যন্ত বন্ধ থাকবে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে সিরিসথল থেকে অমরানগর পর্য্যন্ত সড়কের সেতুর সংযোগ অংশে বন্যার জলে ক্ষতিগ্রস্ত হওয়ায় বড় যান চলাচলের জন্য বিপজ্জনক হয়ে পড়েছে । জনগনের নিরাপত্তার সার্থে এবং সড়কের আরো ক্ষতি প্রতিরোধে এই নির্দেশ মেনে চলতে অনুরোধ করা হয়েছে ।

---